

২০২৫

বাংলা

(মাইনর)

(NEP পাঠক্রম অনুসারী)

প্রথম সেমেস্টার

কোর্স কোড : BENG-GG-T-101

বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ) ও বাংলা ভাষাতত্ত্ব

[NEP-2020]

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘন্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

- ১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $২ \times ৫ = ১০$
- ক) হরপ্রসাদ শাস্ত্রী আবিষ্কৃত চর্যাপদের পুঁথিটির প্রধান বিষয়বস্তু কী ছিল?
- খ) কৃত্তিবাস ওঝার রামায়ণ কী নামে পরিচিত? এই কাব্যের মুখ্য রস কী?
- গ) কৃষ্ণদাস কবিরাজ রচিত 'চৈতন্য চরিতামৃত' গ্রন্থটি কি কি ভাষায় লিখিত হয়েছে? কবি গ্রন্থটিতে চৈতন্যজীবন কথা প্রসঙ্গে আর কী ব্যক্ত করেছেন?
- ঘ) প্রসাদী সুর কী?
- ঙ) সনকা চরিত্রটি মধ্যযুগের কোন কাব্যে পাওয়া যায় তা উল্লেখ করো। সেই কাব্যের একজন উল্লেখযোগ্য কবির নাম উল্লেখ করো।

[পরের পাতায়]

- চ) 'কীর্তিলতা' গ্রন্থটি কে কোন ভাষায় লিখেছিলেন? তিনি কোন রাজসভার কবি ছিলেন?
- ছ) ভাষা কাকে বলে তা দুটি বৈশিষ্ট্যসহ বুঝিয়ে দাও।
- জ) মাগধী অপভ্রংশ অবহট্ট থেকে কোন্ কোন্ আধুনিক ভারতীয় ভাষার জন্ম হয়েছে?

২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও: $৫ \times ২ = ১০$

- ক) চর্যাপদ বাংলা ভাষার আদি নিদর্শন রূপে গণ্য হওয়ার সাপেক্ষে কারণগুলি নির্দেশ করো।
- খ) সংস্কৃত রামায়ণ অনুবাদ করলেও কৃত্তিবাস সেখানে কোন কোন নতুন কাহিনি সংযোজন করেছিলেন?
- গ) বৈষ্ণব পদাবলী সাহিত্যে অভিসার পর্যায়ের প্রধান কবির কাব্যবৈশিষ্ট্যের পরিচয় দাও।
- ঘ) বাংলা ভাষার উপভাষাগুলি কী কী? রাঢ়ী ও বঙ্গালী উপভাষার বৈশিষ্ট্যের তুলনামূলক আলোচনা করো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$

- ক) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যে উল্লেখিত চরিত্রগুলির নাম উল্লেখ করে এই কাব্যের অভিনব দিকগুলি ব্যাখ্যা করো।
- খ) ধর্মমঙ্গল কাব্যের কোন কাহিনিকে ইতিহাসাশ্রয়ী বলা যায়? সেই কাহিনির সংক্ষিপ্ত পরিচয় দাও।
- গ) বৈষ্ণব সাহিত্য এবং শাক্ত সাহিত্যের মধ্যে তুলনামূলক আলোচনা করো।
- ঘ) বাংলা ভাষায় ধ্বনির রূপান্তরের যে কোন চারটি সূত্র উদাহরণ সহ উল্লেখ করো।